চুয়াডাঙ্গায় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণ

চুয়াডাঙ্গা জেলা পর্যায়ে বঙ্গবন্ধু ও শেখ ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট-২০২৩ ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার বিকাল চারটার সময় চুয়াডাঙ্গা টাউন ফুটবল মাঠে এই খেলা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। জেলা প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের আয়োজনে ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড.কিসিঞ্জার চাকমা।

গত ১৯ই সেপ্টেম্বর মঙ্গলবারে চুয়াডাঙ্গা জেলা পর্যায়ে বঙ্গবন্ধু ও শেখ ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট-২০২৩ সেমিফাইনাল খেলে বালক ও বালিকা দুটি দল ফাইনালে অংশগ্রহণ করে । অংশগ্রহণ খেলায় গতকাল বুধবার বিকালে ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়। ফাইনাল খেলায় চুয়াডাঙ্গা সদর উপজেলার খাড়াগোদা সরকারি প্রাথমিক বিদ্যালয় চার -এক গোলের ব্যবধানে পরাজিত করে আলমডাঙ্গা ভাংবাড়িয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের বালকদের। আর আলমডাঙ্গা উপজেলা উদায়ন সরকারি প্রাথমিক বিদ্যালয় বালিকারা চার-শুন্য গোলের ব্যবধানে পরাজিত করে চুয়াডাঙ্গা সদর উপজেলার হাজরাহাটি সরকারি প্রাথমিক বিদ্যালয় বালিকা দলকে।

এরপর বিজয়ী দল চুয়াডাঙ্গা আলমডাঙ্গা উপজেলা উদায়ন সরকারি প্রাথমিক বিদ্যালয় বালিকা ও চুয়াডাঙ্গা সদর খাড়াগোদা সরকারি প্রাথমিক বিদ্যালয় বালক দলদের বিজয়ী পুরস্কার তুলে দেন অনুষ্ঠানের প্রধান অতিথি চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য ও বীর মুক্তিযোদ্ধা সোলাইমান হক জোয়ার্দ্দার ছেলুন।

এসময় অনুষ্ঠানের প্রধান অতিথি চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য ও বীর মুক্তিযোদ্ধা সোলাইমান হক জোয়ার্দ্দার ছেলুন বলেন, আজকে এই খেলাটা মাদক সমাজ মুক্ত করবে। খেলা ধুলা করলে মন মানসিকতা ভালো থাকে। খেলা ধুলার পাশাপাশি শরির চর্চা করতে হবে। খেলা ধুলাও করতে হবে পড়াশোনাও করতে হবে। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা সকল ছাত্র ছাত্রীদের খেলার জন্য আলাদা কিছু ভাবছে। খেলার

অনুশীলনী করতে হবে। খেলা ধুলা করবো আর মাদক থেকে দুরে থাকবো। খেলার সময় খেলা পড়ার সময় পড়া। খেলা ধুলা করতে হবে আর সুন্দর সমাজ গড়তে হবে। আজকের এই বিজয় দল একদিন বিভাগীয় পর্যায়ে খেলবে।

পুরস্কার বিতরণ অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা পুলিশ সুপার আব্দুল্লাহ আল-মামুন, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার তবিবুর রহমান, জেলা ক্রীড়া অফিসার আমানুল্লাহ আহম্মেদ, জেলা সহকারী প্রাথমিক শিক্ষা অফিসার শারমিন সেলিনা আজাহার সহ জেলা প্রশাসনের কর্মকর্তা বৃন্দ

এছাড়াও উপস্থিত ছিলেন জেলার প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকা ও শিক্ষার্থীবৃন্দ।

চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের উঠান বৈঠক ও গণসংযোগ

চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের সভাপতি ও আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে চুয়াডাঙ্গা-১ আসনের নৌকার মনোনয়ন প্রত্যাশী আফরোজা পারভীনের নেতৃত্ব চুয়াডাঙ্গা আলমডাঙ্গা উপজেলার খাদিমপুর ইউনিয়নের যুব মহিলা লীগের সাবেক সংরক্ষিত মহিলা সদস্য মুসলিমা মেম্বারের আয়োজনে আজ বুধবার বিকাল চারটার সময় এই উঠান বৈঠক ও গণসংযোগ অনুষ্ঠিত হয়।

আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন সামনে রেখে পথসভা কর্মী সমাবেশ উঠান বৈঠক ও গণসংযোগ করছেন চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের সভাপতি আফরোজা পারভীন।

এ সময় আফরোজা পারভীন বলেন, শেখ হাসিনা সরকার উন্নয়নের সরকার। আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে ওই বিএনপি দল যদি আবারো কোন প্রকার চক্রান্তের চেষ্টা করে তাহলে চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের পক্ষ থেকে তা শক্ত হাতে প্রতিহত করা হবে বলে জানান তিনি। এ সময় তিনি দেশের উন্নয়নের জন্য আবারো নৌকা মার্কায় ভোট চান।

এ সময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের সহ-সভপতি পূর্ণিমা হালদার,যুগ্ম সাধারণ সম্পাদক আলিজা খাতুন, সদর উপজেলা যুব মহিলা লীগের সভাপতি-কাজলী আক্তার, সাংগঠনিক সম্পাদক সপ্না খাতুন চিনি, দামুড়হুদা উপজেলা ভাইস চেয়ারম্যান শাহেদা খাতুন,আলমডাঙ্গা উপজেলার যুব মহিলা লীগের সভাপতি মনিরা খাতুন, সাধারণ সম্পাদক জাহানারা খাতুন, চুয়াডাঙ্গা পৌর ৯নং ওয়ার্ড সভাপতি-আরজিনা খাতুন, সাধারণ সম্পাদক বেবি, সাংগাঠনিক সম্পাদক মিতা রানী, ৬ নং ওয়ার্ড সভাপতি রুপালি, সাধারণ সম্পাদক ফাহিমা, ২নং ওয়ার্ড কমিটির অর্থ সম্পাদক শিউলি খাতুন, ছাত্রলীগ ও যুবলীগের নেতৃবৃন্দ রাতুল, সাকিব শেখ, মাহফুজ, আকাশ, কুতুব, রিপন, শাওন, সিফাত, জিরান, সেজান ও আওয়ামী লীগের নেতৃবৃন্দ সহ চুয়াডাঙ্গা জেলা ও আলমডাঙ্গা উপজেলা যুব মহিলা লীগের নেতৃবৃন্দ

চুয়াডাঙ্গার বেনীপুর গ্রামের মিজানুরের লাশ আট দিন পর ফেরত দিল বিএসএফ

অবৈধভাবে সীমানা অতিক্রম করে ভারতের অভ্যন্তরে অনুপ্রবেশের পর চুয়াডাঙ্গার জীবননগর উপজলার সীমান্ত ইউনিয়নের বেনীপুর গ্রামের নিখোঁজ মিজানুর রহমানের (৫০) লাশ আট দিন পর বিজিবির কাছ ফিরিয় দিলো ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী বিএসএফ।

আজ বুধবার বিকাল ৫টার পর বাংলাদশ-ভারত সীমান্তের নোনাগঞ্জ শুন্য রেখায় লাশ নিয়ে আসা হলে নিহতের স্ত্রী নাসিমা খাতুনের সনাক্তর পর এদিন সন্ধ্যা ৬টা ২৩ মিনিটে হস্তান্তর করা হয়।

জীবননগর থানার অফিসার ইনচার্জ এস.এম.জাবীদ হাসান জানান, বিএসএফর গুলিত নিহত বাংলাদশী নাগরিক বেনীপুর গ্রামের ক্যাম্পপাড়ার মরহুম নছর উদ্দিনের জামাতা এবং ঝিনাইদহ জেলার শৈলকুপা উপজেলার শেখপাড়ার স্থায়ী বাসিন্দা নবিছদ্দীনের ছেল অবৈধভাবে সীমান্ত অতিক্রম করে ভারতের অভ্যান্তরে অনুপ্রবশের পর নিখোঁজ হয়েছিলেন। তার পরিবারের দাবী গরু আনতে গিয়ে বিএসএফ সদস্যদের মুখামুখী হলে তারা তাকে গুলি

করে হত্যা করে। নিহতের পারিবারের পক্ষ থেকে বলা হয়,ভারতের পশ্চিমবঙ্গের কৃষ্ণগঞ্জ থানার নোনাগঞ্জ সীমান্তে ওই হত্যাকান্ডের ঘটনাটি ঘটে।

লাশ হস্তান্তের সময় উপস্তিত ছিলেন, সীমান্ত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ইশাবুল ইসলাম মিল্টন জানান, মিজানুর রহমান কিছুদিন ধরে ভারতীয় গরু অবৈধভাবে আনা নেওয়ার সঙ্গে জড়িত ছিল। এছাড়াও তিনি সাম্প্রতিক সময় অবৈধভাব মানুষ পারাপার করতো।

গত বুধবার (১৩ সেপ্টম্বর) রাত ৮টার দিকে তিনি নিজ এবং তার সহযোগী কয়েকজন অবৈধভাবে ভারতের পশ্চিমবঙ্গের কৃষ্ণগঞ্জ থানার নোনাগঞ্জ সীমান্তেযান। সেখান থেকে ফেরার সময় বিএসএফ সদস্যরা তাদের লক্ষ্য করে গুলি ছোড়েন। এতে তিনি মারা যান।

লাশ হস্তান্তরের সময় উপস্থিত ছিলেন, ঝিনাইদহের মহেশপুর ৫৮ বিজিবি ব্যাটালিয়নের অতিরিক্ত পরিচালক সাইফুল ইসলাম, বেনীপুর বিওপি কমান্ডার আতিয়ার রহমান,জীবননগর থানার এসআই এস.এম. রায়হান, এসআই সৈকত পাড়, জীবননগর উপজলা স্বাস্থ কমপ্লক্সের চিকিৎসক মোস্তাফিজুর রহমান। এ সময় ভারতের বিএসএফের উপস্থিতে পশ্চিমবঙ্গের কৃষ্ণনগর থানা পুলিশ লাশটি নিহতের পরিবারের কাছে বুঝিয়ে দেন। এরপর আইনগত প্রক্রিয়া শেষ নিহত মিজানুরের লাশ দাফনের উদ্দেশ্য তার আত্মীয়-স্বজন এ্যাম্বুলন্সে করে ঝিনাইদহ জেলার শৈলকুপা উপজেলার শেখপাড়ায় নিয়ে যান।

আলমডাঙ্গার আইলহাঁস ইউনিয়ন আওয়ামীলীগের উদ্যোগে কর্মী সভা অনুষ্ঠিত

আলমডাঙ্গার আইলহাঁস ইউনিয়ন আওয়ামীলীগের উদ্যোগে কর্মি সভা অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার সকাল সাড়ে ১০ টার দিকে আইলহাঁস বাজারে এ কর্মি সভার আয়োজন করা হয়।
কর্মি সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা-১

ছিলেন নাগদাহ ইউপি চেয়ারম্যান এজাজ ইমতিয়াজ বিপুল জোয়ার্দ্দার,খাসকররা ইউপির সাবেক চেয়ারম্যান মোস্তাফিজুর রহমান রুন্নু, সাবেক ছাত্রলীগ নেতা আশরাফুল, হায়াত, বিল্লাহ গনি, হেলা মিয়া, রশীদ, ছাত্রলীগ নেতা বাদসা,রকি প্রমুখ।

দামুড়হুদা লোকনাথপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে অভিভাবক সমাবেশ

দামুড়হুদা লোকনাথপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে মিড ডে মিল ও অভিভাবক সমাবেশ-২০২৩ অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার বেলা সাড়ে ১১ টার দিকে লোকনাথপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের আয়োজনে বিদ্যালয় প্রাঙ্গণে মিড ডে মিল ও অভিভাবক সমাবেশ অনুষ্ঠিত হয়।

লোকনাথপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সভাপতি মোঃ জিল্লুর রহমান খোকন এর সভাপতিত্বে এসময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা ০২ আসেনর সংসদ সদস্য হাজী মো আলী আজগার টগর। এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হাজী মোঃ শহিদুল ইসলাম, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু, উপজেলা শিক্ষা অফিসার মোঃ আবু হাসান, হাউলী ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোঃ আবু সাঈদ খোকন, হাউলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন, হাউলী ইউনিয়ন যুবলীগের সভাপতি আয়ুব আলী স্বপন প্রমূখ।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে চুয়াডাঙ্গা ০২ আসনের সাংসদ সদস্য হাজী মো: আলী আজগার টগর এমপি বলেন, জননেত্রী শেখ হাসিনা তিনি দেশর জন্য যে সকল কাজগুলো করছেন এসবই গ্রামের হতদরিদ্র মানুষের জন্য করছেন। প্রাথমিক শিক্ষা থেকে শুরু করে স্বাস্থ্যসেবা সহ সব কাজই দেশের মানুষের উন্নয়নের জন্য করছে। আপনারা সবাই জননেত্রী শেখ হাসিনার জন্য দোয়া করবেন। আগামী দ্বাদশ সংসদীয় নির্বাচনকে সামনে রেখে জননেত্রী শেখ হাসিনার হাতকে শক্তিশালী করার জন্য সমস্ত ভেদাভেদ ভুলে সকল নেতা কর্মীদের ঐক্যবদ্ধ ভাবে দেশের জন্য কাজ করার আহবান করেন তিনি।

আলমডাঙ্গার কামালপুর প্রাথমিক বিদ্যালয়ে সিমানা প্রাচীর কেটে গেট নির্মাণ

আলমডাঙ্গার কামালপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সীমানা প্রাচীর পেছনে পকেট গেট রেখে ব্যক্তিগত রাস্তা করার অভিযোগ উঠেছে। দুটি পরিবার স্কুলের মধ্যে দিয়ে আসা যাওয়া করায় রাত-দিন মেইন গেট খুলে রাখার কারণে, স্কুল প্রাঙ্গণে বেড়েছে উচ্ছৃঙ্খল যুবকদের আনাগোনা । প্রতিষ্ঠানের নিরাপত্তা নিয়েও চিন্তিত শিক্ষকেরা।

স্থানীয়রা জানান, গত ১ বছর পূর্বে প্রাথমিক শিক্ষা অধিদফতরের উদ্যোগে ও উপজেলা প্রকৌশল (এলজিইডির) অর্থায়নে কুমারী ইউনিয়নের কামালপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রাচিল নির্মাণ কাজ শুরু হয় । স্কুলের জমির সিমানা ও শিশুদের শতভাগ সুরক্ষা নিশ্চিতে উপজেলা শিক্ষা অফিস এ প্রাচিল নির্মাণের উদ্যোগ নেয়। ওই বিদ্যালয় পরিচালনা পর্ষদের সভাপতি হিসেবে দীর্ঘদিন দায়িত্বপালন করেন কামালপুর গ্রামের বজলুর রহমান। পৈত্রিক জমি স্কুলে দান করায় দাতা হিসেবে তার পূর্বপুরুষেরাও এই প্রতিষ্ঠানের সভাপতির দায়িত্বপালন করেছেন। তিনি সভাপতি থাকা অবস্থায় প্রাচীর নির্মাণ কাজ শুরু হয়।

স্থানীয়দের অভিযোগ নিজ ক্ষমতা বলে বিদ্যালয় পরিচালনা পর্ষদের সভাপতি ওই দুটি পরিবারের সদস্যদের যাতায়াতের জন্য পেছনের দিকে একটি পকেট গেইট রেখে দিয়েছে । যা ক্ষমতার অপ ব্যবহার।

পেছনে পকেট গেট রাখার বিষয় প্রতিষ্ঠানের সভাপতি বজলুর রহমান বলেন,আমরা মাসিক মিটিংয়ে বিষয়টি উপস্থাপন করে সকলের মতামতের ভিত্তিতে ব্যবস্থা গ্রহণ করা হবে।

এ ব্যাপরে উপজেলা শিক্ষা অফিসার শামসুজোহা জানান, বিদ্যালয়ের পকেট গেট নির্মাণের কোন সুযোগ নেই। ঠিকাদার প্রতিষ্ঠান ও স্কুল কতৃপক্ষের সাথে কথা বলে ব্যবস্থা নেওয়া হবে।

আলমডাঙ্গায় ১ কেজি গাঁজাসহ যুবক আটক

আলমডাঙ্গা উপজেলায় অভিযান চালিয়ে ১ কেজি গাঁজাসহ সুজন আলী (২৫) নামের এক যুবককে গ্রেপ্তার করেছে পুলিশ। আজ বুধবার বিকেল সাড়ে ৪ টায় তাকে গ্রেপ্তার করা হয়।

গ্রেপ্তারকৃত আসামী হলেন- কুষ্টিয়া জেলার মিরপুর থানার সুতাইল গ্রামের আমজেদ আলীর ছেলে সুজন আলী (২৫)।

পুলিশ জানায়, আলমডাঙ্গা পৌরসভাধীন রেলস্টেশন এলাকায় পুলিশ গোপন সংবাদের ভিত্তিতে মাদক বিরোধী অভিযান চালায়। এ সময় সন্দেহজনক ভাবে সুজন আলী নামের এক যুবককে আটক করে পুলিশ। পরে তার শরীর তল্লাশি চালিয়ে ১ কেজি গাঁজা উদ্ধার করা হয়। ওই সময় গাঁজা রাখার অপরাধে তাকে গ্রেপ্তার করা হয়। পরে তার বিরুদ্ধে আজ বুধবার রাতে মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইনে আলমডাঙ্গা থানায় মামলা হয়েছে।

আগামীকাল বৃহস্পতিবার দুপুরে আদালতে মাধ্যমে জেলহাজতে পাঠানো হবে।

আলমডাঙ্গা স্থানীয় সরকার দিবস উপলক্ষে উন্নয়ন মেলার সমাপনি ও পুরস্কার বিতরনী

আলমডাঙ্গা উপজেলা প্রশাসনের আয়োজনে স্থানীয় সরকার দিবস উপলক্ষে উন্নয়ন মেলা সমাপনি সভা ও পুরস্কার বিতরনী সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বিকেল ৩ টার দিকে উপজেলা মঞ্চে আলোচনা সভা ও পুরস্কার

পুরস্কার দেওয়া হয়,এবং উপজেলা ভাইস চেয়ারম্যান, সহকারি কমিশনার ভুমি,বীর মুক্তিযোদ্ধা মইনদ্দিন পারভেজ,প্রেসক্লাবের সাধারন সম্পাদক হামিদুল ইসলাম ও উপস্থাপক শামিম রেজাকে বিশেষ পুরস্কার ক্রেস্ট প্রদান করা হয়।

দামুড়হুদায় স্থানীয় সরকার দিবস উন্নয়ন মেলায় সমাপনী অনুষ্ঠান

দামুড়হুদায় জাতীয় স্থানীয় সরকার দিবস ২০২৩ এর উন্নয়ন মেলার সমাপনী ও পুরষ্কার বিতরণ করা হয়েছে।

তিনদিনব্যাপী এই উন্নয়ন মেলার সমাপনী দিনে স্থানীয় সরকারের প্রতিষ্ঠানগুলোর মধ্যে ১ম স্থান অধিকার করেছে হাউলী ইউনিয়ন পরিষদ, ২য় স্থান অধিকার করেছে দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদ ও ৩য় স্থান উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদফতর।

দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে সমাপনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা রোকসানা মিতা। এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সজল কুমার দাস, উপজেলা কৃষি কর্মকর্তা শারমিন আক্তার, দামুড়হুদা সদর ইউপি চেয়ারম্যান হযরত আলী, নতিপোতা ইউপি চেয়ারম্যান ইয়ামিন আলী, কার্পাসডাঙ্গা ইউপি চেয়ারম্যান আব্দুল করিম, হাউলী ইউপি চেয়ারম্যান ভারপ্রাপ্ত নিজাম উদ্দিন।

দামুড়হুদা উপজেলা সমবায় অফিসার হারুণ অর রশিদের সঞ্চালনায় এসময় আরো উপস্থিত ছিলেন উপজেলা জনস্বাস্থ্য উপসহকারী প্রকৌশলী রফিকুল ইসলাম, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা হোসনে জাহান, দামুড়হুদা উপজেলা মডেল মসজিদের ইমাম মুফতি মামুনুর রশীদ সহ সকল ইউপি সদস্যবৃন্দ, রাজনৈতিক নেতৃবৃন্দ, সুশীল সমাজের প্রতিনিধি প্রমুখ।

কার্পাসডাঙ্গা ইউনিয়নে স্থানীয় সরকার দিবস উপলক্ষে র্যালি ও আলোচনা সভা

আজ মঙ্গলবার বেলা ১২ টার সময় কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের হলরুমে সেবা ও উন্নতির দক্ষ রুপকার উন্নয়নের উদ্ভাবনের স্থানীয় সরকার এই প্রতিপাদ্যকে সামনে রেখে কার্পাসডাঙ্গা ইউনিয়ন স্থানীয় সরকার ২০২৩ উপলক্ষে অনুষ্ঠিত হয়।

কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আবদুল করিম বিশ্বাসের সভাপতিত্বে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এসময় উপস্থিত ছিলেন কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের সচিব হাসানুজ্জামান, কার্পাসডাঙ্গা ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক নজীর আহমেদ ও সাংগঠনিক সম্পাদক জাহিদুর রহমান মুকুল সহ ইউনিয়ন পরিষদের সকল সদস্যবৃন্দ।

এসময় চেয়ারম্যান আব্দুল করিম বিশ্বাস বলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা’র উদ্যোগে বাংলাদেশে এই প্রথম স্থানীয় সরকার দিবস পালন করা হচ্ছে। ইউনিয়ন পরিষদে নিরবচ্ছিন্ন ভাবে সাধারণ জনগণকে সেবা প্রদান করা হচ্ছে।

সর্বশেষ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের নেতৃত্বে একটি বিশাল র্যালী কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদ হইতে বাজার প্রদক্ষিণ করে।